



সুদানে শান্তিরক্ষীদের হত্যাকাণ্ডে গভীর শোক প্রকাশ প্রধান উপদেষ্টার



সংগৃহীত ছবি

সুদানের আবেই এলাকায় জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের একটি ঘাঁটিতে সন্ত্রাসীদের অতর্কিত ড্রোন হামলায় বাংলাদেশ সেনাবাহিনীর শান্তিরক্ষীদের হতাহতের ঘটনায় গভীর শোক ও উদ্বেগ প্রকাশ করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস।

শনিবার (১৩ ডিসেম্বর) রাতে দেওয়া এক বিবৃতিতে তিনি জানান, শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার মহান দায়িত্ব পালনকালে ৬ জন বীর শান্তিরক্ষীর শাহাদাত এবং আরও ৮ জনের আহত হওয়ার খবরে তিনি গভীরভাবে মর্মান্বিত। তিনি বলেন, জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের অবদান বিশ্বজুড়ে স্বীকৃত; এই আত্মত্যাগ একদিকে জাতির গৌরব, অন্যদিকে হৃদয়বিদারক বেদনার।

প্রধান উপদেষ্টা নিহতদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান। পাশাপাশি আহত শান্তিরক্ষীদের দ্রুত সুস্থতা কামনা করে তিনি জানান, তাদের সর্বোচ্চ চিকিৎসা ও প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করতে জরুরি ভিত্তিতে জাতিসংঘের কাছে অনুরোধ জানানো হয়েছে। এই দুঃসময়ে সরকার শান্তিরক্ষীদের পরিবারগুলোর পাশে থাকবে বলেও তিনি আশ্বস্ত করেন।

সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জানিয়ে ড. ইউনুস বলেন, শান্তিরক্ষীদের ওপর হামলা আন্তর্জাতিক শান্তি ও মানবতার বিরুদ্ধে গুরুতর অপরাধ। তিনি জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায়কে শান্তিরক্ষীদের নিরাপত্তা জোরদারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান।

বিবৃতিতে আরও উল্লেখ করা হয়, নিহত শান্তিরক্ষীদের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে আনা এবং আহতদের সুচিকিৎসা নিশ্চিত করতে বাংলাদেশ সরকার জাতিসংঘের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রাখবে।